গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শৈলকুপা, ঝিনাইদহ
www.shailkupa.jhenaidah.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.৩০.০০৪.২৩-২৩৫

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ
০৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

## ১৪৩০ বাংলা সনের জন্য হাটবাজার ইজারার পুণঃ বিজ্ঞপ্তি (২য় বার)

স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২১/০৯/২০১১ খ্রিঃ তারিখের ৪৬.০৪১.০৩০.০২.০০. ০০২.২০১১.৮৭০ নং স্মারকে জারিকৃত নীতিমালা অনুযায়ী বাংলা ১৪৩০ সনের জন্য ঝিনাইদহ জেলাধীন শৈলকুপা উপজেলার নিম্নবর্ণিত হাটবাজারগুলি ১(এক) বছরের জন্য (বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ইজারা দেবার লক্ষ্যে সিডিউলে উল্লিখিত শর্ত সাপেক্ষে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে নির্ধারিত ফরমের মাধ্যমে সীলমোহরকৃত দরপত্র নিম্নবর্ণিত তফসিল মোতাবেক আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ; উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপা; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শৈলকুপা; সোনালী ব্যাংক, শৈলকুপা শাখা এবং শৈলকুপা থানা হতে নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) নগদ গ্রহণের মাধ্যমে অফিস চলাকালীন সময় পর্যন্ত বিক্রয় করা হবে। কোন ক্রমেই দরপত্র দাখিলের দিন দরপত্র বিক্রয় করা হবে না। তফসিল মোতাবেক নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শৈলকুপা; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, শৈলকুপা; পুলিশ সুপারের কার্যালয়, ঝিনাইদহ এবং জেলা প্রশাসক, ঝিনাইদহ মহোদয়ের কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। ধার্য তারিখে দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে। দরপত্র সিডিউলে বিস্তারিত শর্ত উল্লেখ আছে যা ওয়েব পোর্টাল হতে এবং নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে অফিস চলাকালীন সংগ্রহ করা যাবে।

### হাটবাজারসমূহের তালিকা, কাঙ্ক্ষিত সরকারি মূল্য এবং দরপত্রের মূল্য নিম্নরূপ :

| ক্রঃ নং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩০ সনের সরকারি মূল্য (তিন বছরের গড় মূল্য+৬%) | সিডিউলের মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ত্রিবেনী | মদনডাঙ্গা সাধারণ হাট | ৭২৭৩৩৭.০০ | ২২০০.০০ |
| ২ | মির্জাপুর | আলমডাঙ্গা সাধারণ হাট | ১২০৯৭.০০ | ৫০০.০০ |
| ৩ | দিগনগর | আগুনিয়াপাড়া সা: হাট | ৩৮৫২.০০ | ৫০০.০০ |
| ৪ | কাঁচেরকোল | কাঁচেরকোল সাধারণ হাট | ৩৩৫৬৭.০০ | ৫০০.০০ |
| ৫ | ঐ | কচুয়া সাধারণ হাট | ৮২৮৫৭.০০ | ৫০০.০০ |
| ৬ | বগুড়া | নাগিরাট সাধারণ হাট | ৯৮৯৪.০০ | ৫০০.০০ |
| ৭ | নিত্যানন্দপুর | বাগুটিয়া সাধারণ হাট | ৪০৫২৮.০০ | ৫০০.০০ |
| ৮ | উমেদপুর | গাড়াগঞ্জ সাধারণ হাট | ৫৮৪৩৫.০০ | ৫০০.০০ |
| ৯ | ঐ | রয়েড়া সাঃ হাট | ৫৮৮৫৩৭.০০ | ১৮০০.০০ |
| ১০ | ফুলহরি | ফুলহরি নতুন হাট | ২৮৩৫৬.০০ | ৫০০.০০ |

### দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়সূচি

| পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ২য় পর্যায় | ০৫/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ মিঃ হতে বেলা-১.০০ পর্যন্ত। | ০৬/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা-৩.৩০ ঘটিকা। | ২য় পর্যায়ে যে সকল হাটের কাঙ্ক্ষিত মূল্য পাওয়া যাবে না, সে সকল হাটের ইজারার জন্য ৩য় পর্যায়ে সিডিউল বিক্রয় ও দরপত্র গ্রহণ করা হবে। |
| ৩য় পর্যায় | ২২/০৩/২০২৩ খ্রিঃ তারিখ অফিস চলাকালিন সময় পর্যন্ত। | ২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ৯.৩০ মিঃ হতে বেলা-১.০০ পর্যন্ত। | ২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখ বেলা-৩.৩০ ঘটিকা। | |

### ১৪৩০ বাংলা সনের হাটবাজার ইজারার শর্তাবলী

১. বাংলা ১৪৩০ সনের ১ বৈশাখ হতে ১৪৩০ সনের ৩০ চৈত্র পর্যন্ত ১(এক) বছর মেয়াদকালের জন্য হাটবাজার ইজারা প্রদান করা হবে।

২. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, শৈলকুপা, ঝিনাইদহ এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারাগ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তা মিটানো হবে। বছর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যার্পণ করা হবে।

৩. যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে, অন্যথায় বাজারের জন্য জামাকৃত জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে এবং পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৪. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অঙ্ক যদি সংশ্লিষ্ট হাটবাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুনরায় দরপত্র আহবান করা হবে।

৫. এক হাটবাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাটবাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাটবাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

৬. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৭. সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারে দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।

৮. প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

৯. ইজারাদার কোনক্রমেই হাটবাজার অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না।

১০. ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারাচুক্তি সম্পাদন করতে হবে।

১১. দুই বা ততোধিক দরপত্রদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২. ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন।
১৩. ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করবেন।
১৪. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
১৫. নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজাদারকে প্রদান করা হবে।
১৬. হাটবাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।
১৭. চুক্তিপত্রের যেকোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা যাবে।
১৮. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
১৯. এখানে উল্লিখিত শর্ত ছাড়াও সরকারি প্রচলিত সকল বিধি বিধান প্রযোজ্য হবে।

২২/০২/২০২৩

রাজিয়া আক্তার চৌধুরী
উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ
ফোন : ০২৪৭৭৭৪৯৮৬০
e-mail: unoshailkupa@mopa.gov.bd

স্মারক নং : ০৫.৪৪.৪৪৮০.০০০.৩০.০০৪.২৩-২৩৫/১(১০০)

তারিখ: ২০ ফেব্রুয়ারি ২০২৩ খ্রিঃ
০৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:**

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। জেলা প্রশাসক, ঝিনাইদহ।
০৩। পুলিশ সুপার, ঝিনাইদহ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ঝিনাইদহ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শৈলকুপা, ঝিনাইদহ।
০৬। উপজেলা নির্বাহী অফিসার, ঝিনাইদহ সদর/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর/হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৭। মেয়র, শৈলকুপা/ঝিনাইদহ/কালীগঞ্জ/হরিণাকুন্ডু/কোটচাঁদপুর/মহেশপুর পৌরসভা।
০৮। সহকারী কমিশনার (ভূমি), শৈলকুপা/ঝিনাইদহ সদর/কালীগঞ্জ/কোটচাঁদপুর/মহেশপুর/হরিণাকুন্ডু, ঝিনাইদহ।
০৯। জেলা তথ্য অফিসার, ঝিনাইদহ।
১০। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শৈলকুপা।
১১। অফিসার ইনচার্জ, শৈলকুপা থানা।
১২। উপজেলা............................................কর্মকর্তা, শৈলকুপা, ঝিনাইদহ। সংশ্লিষ্ট দপ্তরের নোটিশ বোর্ডে টাঙ্গানোর জন্য তাঁকে অনুরোধ করা হলো।
১৩। সাব রেজিস্ট্রার, শৈলকুপা, ঝিনাইদহ।
১৪। সহকারী প্রোগ্রামার, আইসিটি, শৈলকুপা। তাঁকে ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৫। চেয়ারম্যান.....................................(সকল) ইউপি, শৈলকুপা। তাঁকে হাটবাজারে মাইক ও ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৬। পোস্ট মাস্টার, শৈলকুপা, ঝিনাইদহ।
১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ...................................ইউনিয়ন ভূমি অফিস, শৈলকুপা, ঝিনাইদহ। তাকে হাটবাজারের প্রকাশ্য স্থানে নোটিশ টাঙানোসহ হাটবাজারে মাইক ও ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১৮। জনাব.......................................................,ইজারাদার (১৪২৯ সনের), ....................................... হাট, শৈলকুপা।
১৯। ........................................................................

২২/০২/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
শৈলকুপা, ঝিনাইদহ।